নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৩১.১৯.০০৭.২৪** নথির বিষয়: স্বাধীনতা দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার এর মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোকসজ্জা প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **স্বাধীনতা দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার এর মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোকসজ্জা প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৩/২৪ ২:৩৮ অপরাহ্ন

সায়েদাবাদ পানি শোধনাগার ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ ও আইকনিক স্থাপনা যা বাংলাদেশ সরকার কর্তৃক Key Point Installation (KPI) হিসেবে স্বীকৃত । স্বাধীনতা দিবস উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার এর মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোকসজ্জা করার রীতি প্রচলন রয়েছে । তারই ধারাবাহিকতায় স্বাধীনতা দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোকসজ্জা করার উদ্যেগ গ্রহন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৩/২৪ ২:৩৯ অপরাহ্ন

সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোক সজ্জা কাজটি সম্পন্ন করতে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,২০০/- (উনপঞ্চাশ হাজার দুইশত টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত (কোড-০১-০৪-০১১) হতে নির্বাহ করা হবে। যা পরবর্তীতে সংশোধিত কর্ম পরিকল্পনায় অর্ন্তভুক্ত করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৩/২৪ ২:৪৩ অপরাহ্ন

অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন যা দরপত্র প্রক্রিয়া অনুসরণ করে বাস্তবায়ন করা সময় সাপেক্ষ । তাই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে বর্নিত কাজটি সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আল-আরাবী কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ'ল ।

সংযুক্তিসমূহ (৩):

১। সাঃপাঃশোঃ ফেজ-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।.
২। অনুমোদিত রেট সিডিউলের কপি।.
৩। আলোচ্য কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২১/৩/২৪ ২:৫৭ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে স্বাধীনতা দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার মেইন গেইট, তৎসংলগ্ন সীমানা প্রাচীর ও বাগানে আলোকসজ্জা শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি মেসার্স আল-আরাবী এন্টারপ্রাইজ এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,২০০/- (উনপঞ্চাশ হাজার দুইশত টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা **প্রধান প্রকৌশলী** মহোদয়ের আওতাধীন।

২১/৩/২৪ ৩:০০ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৩/২৪ ৩:৫৬ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভুঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৩/২৪ ৮:০০ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৩/২৪ ১০:৩৯ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~২১/৩/২৪ ১০:৩৯ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২২/৩/২৪ ১১:০৯ অপরাহ্ন

Okay

২২/৩/২৪ ১১:০৯ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

২৩/৩/২৪ ৮:৫৪ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৩/৩/২৪ ৯:৪৪ পূর্বাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

২৪/৩/২৪ ১১:৩২ পূর্বাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

২৪/৩/২৪ ১১:৩২ পূর্বাহ্ন
ফজিলা খাতুন
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)